



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৯.০০০১.২৫.২৯৮

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষায় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার বিষয়ক প্রশিক্ষণের লক্ষ্যে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: a2i- এর স্মারক: ৫৬.৮৩.০০০০.০০০.০০৮.৯৯.০০১.২৪.৪, তারিখ-২২ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর কারিগরি সহায়তায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষায় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ে মাস্টার ট্রেনার পুল তৈরির লক্ষ্যে শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে ০৪ (চার)টি ব্যাচে মোট (৪x২৫) = ১০০ জন কলেজ এবং বিদ্যালয়ের শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ০৩ (তিন) দিনব্যাপী উক্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরুর সম্ভাব্য তারিখ ১৫ এপ্রিল, ২০২৬ খ্রি।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল কলেজ/বিদ্যালয়ের শিক্ষকদের নিম্নোক্ত শর্তে আগামী ০৮/০৪/২০২৬ তারিখের মধ্যে লিংকের (<https://forms.gle/8kTzAgDeB46d37Nf9>) গুগলফরমে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যারা আবেদন করতে পারবেন:

- (১) যাদের কমপক্ষে ২১ দিনের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আছে।
- (২) যাদের ডিজিটাল কনটেন্টের উপর কমপক্ষে ১৫ দিনের প্রশিক্ষণ আছে।
- (৩) যাদের আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স এর উপর প্রশিক্ষণ আছে।
- (৪) যাদের আইসিটি বিষয়ে কমপক্ষে ১ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে।

০৬-০৪-২০২৬

এস.এম. সাইফুল ইসলাম

সহকারী পরিচালক-১

ফোন : ০২-৪১০৫০৬১৮

ইমেইল : dir-training@dshe.gov.bd

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক (সকল), কলেজ/ মাধ্যমিক বিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.২৯.০০০১.২৫.২৯৮/১ (১)

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সংরক্ষণ নথি, .।



(Signature)

০৬-০৪-২০২৬
এস.এম. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক-১